

জিয়ানগরে মাদ্রাসা সুপারের বিরুদ্ধে বিনামূল্যের বই বিক্রির অভিযোগ

প্রতিনিধি, পিরোজপুর

পিরোজপুরের জিয়ানগর উপজেলায় একটি মাদ্রাসার ২০ মন সরকারি বই বিক্রির অভিযোগ পাওয়া গেছে। এ অভিযোগে মাদ্রাসা সুপারসহ ৩ জনের বিরুদ্ধে মামলা করেছেন ওই প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি। ঘটনার পর থেকে ওই মাদ্রাসা সুপার গাঢ়াকা দেন।

স্থানীয় ও থানা সূত্রে জানা যায়, সোমবার বিকেলে উপজেলার পড়াশী এস দাখিল মাদ্রাসার সুপার মাওলানা তাজামুল হোসেন ওই মাদ্রাসার স্টোরে থাকা ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালের বোর্ডের মজুতকৃত ২০ মন সরকারি বই বিক্রি করে দেন। বই ক্রেতা টমটমযোগে এসব বই নেয়ার সময় স্থানীয় জনতা আটক করে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে খবর দেয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা মাধ্যমিক শিক্ষা অফিসারকে পুলিশ নিয়ে ঘটনাস্থলে পাঠালে তিনি বই আটক করে থানায় নিয়ে আসেন। পরে ওই মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি এডভোকেট এম. রফিকুল ইসলাম বাদী হয়ে মাদ্রাসার সুপার মাওলানা তাজামুল হোসেন, চতুর্থ শ্রেণির কর্মচারী আবুজাফর ও গোলাম রসুলকে আসামি করে সরকারি বই অবৈধভাবে বিক্রি করার অপরাধে একটি মামলা দায়ের করেন।

ঘটনার পর থেকে ওই মাদ্রাসা সুপার পলাতক রয়েছেন। মামলার তদন্তকারী কর্মকর্তা জিয়ানগর থানার এসআই অনুপ কুমার জানান, অবৈধভাবে সরকারি বই বিক্রির অপরাধে মামলা হয়েছে। মামলার তদন্ত চলছে।